

তারিখ : ২৮/০১/২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

### জাতীয় বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন

আন্তঃবিশ্ববিদ্যালয় টেবিল টেনিস, দাবা ও ক্যারাম প্রতিযোগিতা ২০১৭-২০১৮ জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাঠে গত ২৫/০১/২০১৮ হতে ২৭/০১/২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস ছেলেদল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং মেয়েদল ঢাকা বিশ্ববিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়নশীপের গৌরব অর্জন করেছে। মেয়েদল দাবা প্রতিযোগিতায় পয়েন্টের ভিত্তিতে রানারআপ ও ক্যারাম প্রতিযোগিতায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে হারিয়ে তৃতীয় স্থান অর্জন করেন।



অংশগ্রহণকারী খেলোয়াড়দের পক্ষে শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মোঃ আতাউর রহমান আজ ২৮/০১/১৮ তারিখ মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ হাতে অর্জিত চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন। এই সময় প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ নোমান উর রশীদ, পরিবহন দপ্তরের পরিচালক, প্রমুখ উপস্থিত ছিলেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nuadmission.info

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
Mail: pr@nu.edu.bd

অর্জিত এ সাফল্যের জন্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ খেলোয়াড়, কোচ ও সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়